

নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.৫১৩.৩০.১১৪.২০১৬.২৭৬

২৫ ফাল্গুন ১৪২২
তারিখ: -----
০৮ মার্চ ২০১৬

বিষয়: মার্চ ও জুন ২০১৬ মেয়াদে ছয়টি পর্যায়ে ৪,২৭৫টি ইউনিয়ন পরিষদ নির্বাচনের সাধারণ নির্বাচন অবাধ, সুষ্ঠু, টিপুণ্ড ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্য নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান।

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী মার্চ-জুন ২০১৬ মেয়াদে ছয়টি পর্যায়ে ৪,২৭৫টি ইউনিয়ন পরিষদে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। উল্লিখিত সময়সূচি অনুযায়ী প্রথম পর্যায়ে আগামী ২২ মার্চ ২০১৬ তারিখে ৭৩৮টি এবং দ্বিতীয় পর্যায়ে আগামী ৩১ মার্চ ২০১৬ তারিখে ৬৭২টি ইউনিয়ন পরিষদের ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। পর্যায়ক্রমে অবশিষ্ট ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচন যাতে অবাধ, সুষ্ঠু, শাস্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হয় সেদিকে লক্ষ্য রাখা সংশ্লিষ্ট সকলের কর্তব্য। উল্লিখিত নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন ইতোমধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। নির্বাচন কমিশন সচিবালয়ের অনুরোধক্রমে সরকারের পক্ষ হতে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

২। নির্বাচন সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিভিন্ন সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের মধ্য থেকে প্রয়োজনীয় সংখ্যক প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ করা হবে। বিভিন্ন পর্যায়ের সরকারি এবং সরকারি অনুমোদনপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষিকাগণ নির্বাচনের কাজে প্রত্যক্ষভাবে দায়িত্বপ্রাপ্ত হবেন। ভোটকেন্দ্রের আইন-শৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক ম্যাজিস্ট্রেট নিয়োগ এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার সদস্যদের মোতায়েন করা হবে। তাছাড়া, বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার স্থাপনা/অঙ্গন ভোট কেন্দ্র হিসাবে ব্যবহৃত হবে।

৩। নির্বাচন অনুষ্ঠানে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৬ অনুচ্ছেদ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০-এর বিধি ৩ অনুসারে সরকারের নির্বাহী কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকলের কর্তব্য।

৪। এমতাবস্থায়, উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের কাজে অর্পিত দায়িত্ব আইন ও বিধি মোতাবেক নিরপেক্ষভাবে পালনের মাধ্যমে নির্বাচন কমিশনকে সহযোগিতা ও সহায়তা প্রদান করার জন্য সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগকে তাদের আওতাধীন সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে অন্তিবিলম্বে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে অনুরোধ জানানো হল।

৫। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/শিক্ষিকাদের প্রতিও অনুরূপ নির্দেশনা জারি করার জন্য শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ করা হল।

৬। নির্বাচন পরিচালনার কাজ যাতে অব্যাহত গতিতে চলতে পারে তার নিশ্চয়তা বিধানের জন্য স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০-এর বিধি ৮৯ অনুযায়ী নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ থেকে নির্বাচনের ফলাফল ঘোষণার পর ১৫ (পনেরো) দিন সময় অতিক্রান্ত না হওয়া পর্যন্ত নির্বাচন কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকে নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তা-কর্মচারীকে অন্যত্র বদলি পরিহার করতে হবে। সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থাসমূহ নির্বাচনের কাজ শেষ না হওয়া পর্যন্ত নির্বাচনের কাজে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে ছুটি প্রদান এবং অন্যত্র বদলি করা হতে বিরত থাকার জন্য অনুরোধ করা হল।

৮

স্বাক্ষরিত/-
০৮.৩.২০১৬

(মোহাম্মদ শফিউল আলম)
মন্ত্রিপরিষদ সচিব

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.৫১৩.৩০.১১৪.২০১৬.২৭৬

২৫ ফাল্গুন ১৪২২
তারিখ: _____
০৮ মার্চ ২০১৬

অনুলিপি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
- ০২। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ০৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব..... মন্ত্রণালয়/বিভাগ।
- ০৪। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/ র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা।
- ০৫। বিভাগীয় কমিশনার (সকল)।
- ০৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। জেলা প্রশাসক,.....(সকল)।
- ০৮। পুলিশ সুপার,.....(সকল)।
- ০৯। জেলা নির্বাচন অফিসার (সকল)।
- ১০। উপজেলা নির্বাচন অফিসার (সকল)।
- ১১। উপজেলা নির্বাচন অফিসার/উপজেলা.....কর্মকর্তা ও রিটার্নিং অফিসার,উপজেলা।

সদয় অবগতির জন্য:

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

৪/০৮/২০১৬
(হাবিবুর রহমান)
উপসচিব

ফোন: ৯৫৭৬৪৮৮
email: gfa_branch@cabinet.gov.bd